নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ বিজ্ঞপ্তি/২২১০ ১৭ জুলাই ২০২৫

সংবাদ বিজ্ঞাপ্তি

# নোবিপ্রবিতে এফটিএনএস বিভাগের নবম ব্যাচের বিদায় ও প্রামাণ্যচিত্রের প্রদর্শনী অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশন সায়েন্স বিভাগের নবম ব্যাচের বিদায় ও 'ইউ ফেইল্ড টু কিল আবরার ফাহাদ' প্রামাণ্যচিত্রের প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষে আজ বৃহস্পতিবার (১৭ জুলাই ২০২৫) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

বিভাগের চেয়ারম্যান সৈয়দা সায়মা আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন প্রক্টর এ এফ এম আরিফুর রহমান এবং ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক ড. মো. শিবলুর রহমান, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। এসময় বিভাগের শিক্ষার্থীদের উপস্থিতিতে 'ইউ ফেইল টু কিল আবরার ফাহাদ' শীর্ষক প্রামাণ্যচিত্রের প্রদর্শনী অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, আজকে গ্যাজুয়েশন শেষ করে যাদের বিদায় অনুষ্ঠিত হচ্ছে তাদের সবাইকে অভিনন্দন। নতুন বাংলাদেশ গড়ার যে প্রত্যয়, আমি আশা করি সেটাকে আপনারা এগিয়ে নিয়ে যাবেন। শহিদ আবরার ফাহাদকে নিয়ে নির্মিত প্রামাণ্যচিত্রটি থেকে আমাদের সবাইকে শিক্ষা গ্রহণ করতে হবে এবং বিপ্লবের চেতনাকে বুকে ধারণ করতে হবে। যে কোনো অন্যায়কে প্রতিহত করার মতো সাহস এখন আমাদের সবার বুকে আছে।

উপাচার্য আরও বলেন, আজ যাদের বিদায় তাদেরকে অ্যালামনাই হিসেবে আমরা সবসময় পাবো এ আশা করছি। জীবনে চলার পথে অনেক চড়াই উতরাই আসবে এটাই বাস্তবতা। সকল বাধা অতিক্রম করে এগিয়ে যেতে হবে। আর কর্মজীবনে প্রবেশের আগের এ সময়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ। একে কাজে লাগাতে হবে। যত দ্রুত আপনি কর্মক্ষেত্রে প্রবেশ করে আপন মেধার বিকাশ ঘটাবেন ততোই আপনার মন প্রফুল্ল থাকবে এবং সাফল্য এসে ধরা দেবে। কর্মজীবনে আপনারা সফলতার শীর্ষে পৌঁছান এ প্রত্যাশা করি।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪